

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা।

www.publiclibrary.gov.bd, Fax # 58611775

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা  
প্রাপ্তি নং: ৮০৭  
তারিখ: ২৭/০৭/১৭  
লাইব্রেরিয়ান  
প্রশাসন  
হিসাব শাখা  
পাঠকক্ষ  
উপপরিচালক

নং-৪৩.২৬.৪০০০.০০১.১৮.০০১.৮৩.২৫৫৮

তারিখ: ২০/০৭/২০১৭  
০৫/০৬/১৪২৪

বিষয় : বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা এর 'সেমিনার কক্ষ' ব্যবহারের অনুমোদিত নীতিমালা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা এর সেমিনার কক্ষ ব্যবহারের নীতিমালা অনুমোদন হয়েছে।  
অনুমোদিত নীতিমালা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ নীতিমালা ১ (এক) পৃষ্ঠা।

(এ.ডি.এম.আলী আহাম্মদ)  
লাইব্রেরিয়ান (প্রশাসন ও হিসাব)  
ফোনঃ ৫৮৬১৭০১৬

লাইব্রেরিয়ান  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার  
বয়রা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা।

**বিষয় : বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা এর 'সেমিনার কক্ষ' ব্যবহারের নীতিমালা অনুমোদন।**

গণগ্রন্থাগার মানব সম্পদ উন্নয়নে সর্বস্তরের জনসাধারণকে পাঠ ও তথ্যসেবা প্রদান করে থাকে। তাই এর অধীস্থ সেমিনার কক্ষসমূহ কোন বাণিজ্যিক উদ্দেশ্যে নয়, বরং গ্রন্থাগারের সামগ্রিক শিক্ষামূলক ও পাঠ পরিবেশ যথাযথভাবে বজায় রাখার বিষয়টি বিবেচনায় রেখে ভাড়া প্রদান করা হয়ে থাকে। খুলনা বিভাগীয় গণগ্রন্থাগারাবীন সেমিনার কক্ষটিও একই বিবেচনায় কতিপয় শর্তসাপেক্ষে নিম্নোক্ত ক্ষেত্রে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

- (ক) শিক্ষা, পুস্তক প্রকাশনা, পুস্তক প্রদর্শনী, গ্রন্থ কিংবা গ্রন্থাগার সম্পর্কিত উন্নয়নমূলক অনুষ্ঠান ;
- (খ) বিশিষ্ট ব্যক্তিবর্গের স্মরণে আয়োজিত অনুষ্ঠান ;
- (গ) আবৃত্তি, হাতের লেখা প্রতিযোগিতা, সাহিত্য সমালোচনা, চিত্রাংকন প্রদর্শনী ও প্রতিযোগিতা, পুস্তক পাঠ প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন ;
- (ঘ) ছোট আকারের সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, বিশেষ স্মরণীয় বা তাৎপর্যপূর্ণ দিবস উপলক্ষে আলোচনা অনুষ্ঠান আয়োজন ;
- (ঙ) সরকারি যে কোন অনুষ্ঠান আয়োজন।

**শর্তাদিঃ**

- ১। গ্রন্থাগারের পাঠপরিবেশ বজায় রাখার স্বার্থে শব্দযন্ত্র ব্যবহারের ক্ষেত্রে শব্দের মাত্রা সীমিত রাখতে হবে ;
- ২। একই প্রতিষ্ঠানকে এক মাসে ৫ (পাঁচ) দিনের বেশি ভাড়া দেয়া যাবে না ;
- ৩। ৩ (তিন) মাসের অধিক পূর্বে কোন বুকিং গ্রহণ করা হবে না ;
- ৪। সেমিনার কক্ষের বিদ্যমান সুযোগ সুবিধা ব্যতীত অতিরিক্ত কোন সুবিধা দাবী করা যাবে না ;
- ৫। কর্তৃপক্ষের নিজস্ব কিংবা সরকারি কোন অনুষ্ঠান থাকলে সেক্ষেত্রে অন্য কোন প্রতিষ্ঠানকে সেমিনার কক্ষ বরাদ্দ প্রদান করা হবে না। এ ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানকে বরাদ্দ দেয়া হলেও তা বাতিল করা যাবে। বরাদ্দপত্র প্রদান বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে। এ ক্ষেত্রে ভাড়াগ্রহীতা কোন আপত্তি বা ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না ;
- ৬। কোন রাজনৈতিক বা ধর্মীয় বিতর্কমূলক অনুষ্ঠানাদির জন্য সেমিনার কক্ষ ব্যবহার করা যাবে না ;
- ৭। বাণিজ্যিক উদ্দেশ্যে কোন আয়োজক প্রতিষ্ঠানকে সেমিনার কক্ষ বরাদ্দ দেয়া যাবে না ;
- ৮। সেমিনার কক্ষের ভাড়া নিম্নরূপ (ভ্যাট ব্যতীত):  
ক) পূর্ণ দিবসের জন্য (সকাল ১০.০০টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত) - - ২,০০০/-  
খ) অর্ধদিবসের জন্য (সকাল ৯.০০টা হতে দুপুর ২.০০ টা) অথবা (বিকাল ৩.০০টা হতে রাত ৮.০০টা) - ১,৫০০/-
- ৯। সেমিনার কক্ষ বরাদ্দ প্রাপ্তির জন্য অত্র কার্যালয়ের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক বরাবরে আবেদন করতে হবে এবং ১,০০০/- টাকা পে-অর্ডার/ডি.ডি. আকারে জামানত হিসেবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে, অন্যথায় কোন বুকিং বা আবেদনপত্র গ্রহণ করা হবে না। অনুষ্ঠানে কোন প্রকার ক্ষতিসাধন না হলে পরবর্তীতে জামানত ফেরত দেয়া হবে। অনুষ্ঠানের পূর্বে ভাড়া গ্রহীতা কর্তৃক ভাড়া গ্রহণের পাকা রশিদ সংগ্রহ করতে হবে এবং সেমিনার কক্ষ ব্যবহারের প্রাক্কালে পাকা রশিদ দেখে ভাড়া গ্রহীতাকে সেমিনার কক্ষ ব্যবহারের জন্য খুলে দিতে হবে ;
- ১০। প্রত্যাশী সংস্থা কর্তৃক জামানতসহ সেমিনার কক্ষের জন্য আবেদন করার পর তারিখ পরিবর্তন কিংবা অনুষ্ঠান বাতিল করতে হলে সেই ক্ষেত্রে তাদের জামানত থেকে ২৫% অর্থ বাজেয়াপ্ত হবে এবং অফিস কর্তৃক বরাদ্দ প্রদানের পর তারিখ পরিবর্তন কিংবা বাতিল করা হলে জামানত হিসেবে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে। এ ক্ষেত্রে প্রত্যাশী সংস্থার কোন ধরনের আপত্তি গ্রহণযোগ্য হবে না ;
- ১১। রেয়াতি ভাড়া অথবা বিনা ভাড়ায় সেমিনার কক্ষ ব্যবহারের অনুমতিদানের ক্ষমতা কেবলমাত্র মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত থাকবে।

  
১৬.০৭.১৭  
সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়